

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা ।

( শুল্ক )

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস, আর, ও, নং ১৮৫/২০০৭/শুল্ক।- The Customs Act, 1969 (IV of 1969) এর Section 13 এর Sub-Section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Diplomatic Bonded Warehouse সমূহ কর্তৃক বন্ড সুবিধার আওতায় মদ, বিয়ার ও সিগারেট আমদানির ক্ষেত্রে অনুসরণীয় নিম্নলিপি শর্ত আরোপ করিল, যথা :।

- (ক) মদ, বিয়ার এর প্রতিটি বোতল ও ক্যানের গায়ে এবং সিগারেট এর প্রতিটি প্যাকেট, মিনি কার্টুন ও মাস্টার কার্টুনের গায়ে দৃশ্যমানভাবে বড় অক্ষরে (capital letter) আবশ্যিকভাবে “BANGLADESH DUTY NOT PAID” মুদ্রিত থাকিতে হইবে। Bonded Warehouse সমূহকে পণ্য আমদানির পূর্বে পণ্যের রপ্তানিকারক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগপূর্বক এইরূপ মুদ্রনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করিতে হইবে; এবং
- (খ) এর অন্যথা হইলে আমদানিতব্য পণ্য চালান বন্ড সুবিধার আওতায় শুল্কায়ন ও খালাসযোগ্য হইবে না।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(কাজী তৌহিদ আখতার)  
দ্বিতীয় সচিব (শুল্ক)।